

কোস্ট ট্রাস্ট, ঢাকা। তারিখ: ৩০ নভেম্বর, ২০১৬ ইংরেজি।

প্রতি: নেটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মী

হতে: পরিচালক

বিষয়: ফেইসবুক তথা সামাজিক যোগাযোগ মাধ্যমে অন্যের বা সংগঠনের দুর্নাম, ধর্মীয় অনুভূতি / মূল্যবোধ/ বিশ্বাসকে আঘাত করে এবং অন্যকে বা সংগঠনকে অপদষ্ট করে এমন কোন স্টেটাস না দেয়া এবং এধরণের স্টেটাসে লাইক বা কমেন্ট না করা প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

১. প্রেক্ষাপট:

১.১ গত ২৮ নভেম্বর ২০১৬ তারিখে সংস্থা থেকে পদত্যাগকারী কর্মী জনাব হাসনাইন আহমেদ ফেইসবুকে সংস্থা সম্পর্কে দুর্নাম রাখিয়ে একটি স্টেটাস দিয়েছেন-

ক. “বেশির ভাগ এন জি ও তে দেখবেন শুধু তাদের স্বার্থেই আপনাকে ভালবাসবে এবং হাইলাইট করবে আপনাকে, আর যখনই আপনি আপনার স্বার্থ নিয়ে ভাববেন। তখনই তারা ভুলে যাবে ভালবাসা, আপনার শ্রম, চাইবে কিভাবে আপনার পথটা এলোমেলো করা যায়। তাহলে কোথায় আমাদের নিরাপত্তা?”

খ. জনাব হাসনাইন আহমেদ গত ২০০৭ সালে সংস্থায় মাঠ কর্মী হিসেবে যোগদান করে বর্তমানে তিনি এলাকা ব্যবস্থাপক হিসেবে কর্মরত। তিনি মাঝখানে সংস্থা ছেড়ে চলে যান এবং পরে আর কোথাও চাকুরির ব্যবস্থা করতে না পেরে আবার অত্র সংস্থায় চাকুরি করার জন্য আবেদন করে প্রায় সকল স্তরে বারংবার অনুরোধ করার ফলে ব্যবস্থাপনা আবার তাকে চাকুরি করার সুযোগ দেয়।

গ. তিনি সম্প্রতি পদত্যাগ পত্র জমা দিয়েছেন এবং সে হিসেবে তার সর্বশেষ কর্মদিবস নির্ধারিত হয় ৩ ডিসেম্বর ২০১৬ তারিখে। কিন্তু গতকাল তার জায়গায় নতুন কর্মী বসাতে না পারার কারণে আমরা তাকে ১৫ ডিসেম্বর তার সর্বশেষ কর্মদিবস নির্ধারিত হয় এবং আমরা সেভাবে তাকে পদত্যাগ পত্র গ্রহণ করে চিঠি দেই।

ঘ. আমরা বুঝতে পারিন কোথায় তার স্বার্থের হানি হয়েছে, কিভাবে তার নিরাপত্তার ঘাটতি হয়েছে। এটা করে তিনি আমাদের উপর একটা মানসিক চাপ তৈরি করেছেন।

১.২ আমাদের সংস্থায় সুস্পষ্ট অভিযোগ নীতিমালা আছে এবং সে অভিযোগ নীতিমালা অনুযায়ী যে কেউ সংস্থার উপরের স্তরে অভিযোগ করতে পারেন এবং তার ক্ষেত্রে প্রকাশ করতে পারেন। কিন্তু জনাব হাসনাইন আহমেদ সেটির ব্যবহার না করে ফেইসবুকের মত একটি সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে তার ক্ষেত্রে প্রকাশ করেছেন। আমরা মনে করি এটা সংস্থার ভাবমূর্তিকে মারাত্মকভাবে ক্ষুণ্ণ করে এবং এতে করে সংস্থাকে ফেইসবুকের মতো উন্মুক্ত মাধ্যমে অপদষ্ট করা হয়েছে।

১.৩ ফেইসবুকের এ স্টেটাসে কয়েকজন কর্মী লাইক দিয়েছেন এবং কয়েকজন কর্মী কমেন্ট করেছেন। যেমন- *PF Gratuity* নিয়ে যত *Tension*, কিরে ভাই এত দুঃখ নিয়ে যাচ্ছেন, হাসনাইন এত ব্যথা, এত শোক, এত কষ্টের কথা, এত নীতি কথা কেউ শুবে না। আমাদের মনে অনেক যন্ত্রণার ভাগুর,

—
30.11.2016

Sanat K Bhownik
Director
COAST Trust

কিন্তু কেউ শুনবে না। যার অর্থ হলো সেসব কর্মী তার বক্তব্যকে সমর্থন করেছেন। এতে প্রমাণিত হয় যে তারাও সংস্থার প্রতি ক্ষোভ প্রশংসনের নীতিমালা অনুসরণ না করে সামাজিক মাধ্যমে ক্ষেত্রে বহিঃপ্রকাশ ঘটিয়েছেন যা সংস্থায় কর্মরত থেকে সংস্থার বিবুদ্ধেই কাজ করা। এটা কোন মূল্যবোধের মধ্যেই পড়ে না বলে আমাদের বিশ্বাস। তাছাড়া এতে করে তারা সংস্থার অন্যান্য নির্বাচিত কর্মীদের মাঝে বিভ্রান্তির সৃষ্টি করেছেন।

২. ফেইসবুক বা সামাজিক মাধ্যম নিয়ে সংস্থার নির্দেশনা:

- ২.১ আপনাকে আগে স্থির করতে হবে আপনি কি ফেইসবুক স্টার হতে চান নাকি আপনি সংস্থায় থেকে আপনার এবং সংগঠনের উত্তরোন্তর উন্নতি চান। উন্নতি চাইলে আপনি ফেইসবুকে বাজে মন্তব্য/স্টেটাস দিতে পারবেন না যা অন্যের বা সংগঠনের সম্মানহানি করে বা অন্যকে বিব্রতকর অবস্থায় ফেলে। তাছাড়া ধর্মীয় অনুভূতি বা মূল্যবোধ বা বিশ্বাসকে আঘাত কওয়ে এমন কোন স্টেটাসও ফেইসবুক বা অন্যান্য সামাজিক মাধ্যমে দেয়া যাবে না। তাছাড়া এ ধরণের স্টেটাসে লাইক বা কমেন্ট করাও সম্পূর্ণ নিষিদ্ধ। এগুলো যদি কোন কর্মী করেন তাহলে তার বা তাদের বিবুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
 - ২.২ গ্রিভেন্স প্রসিজিউর (Grievance Procedure) বা ক্ষোভ প্রশংসনের নির্দিষ্ট প্রক্রিয়া ছাড়া এর বিকল্প হিসেবে ফেইসবুক বা অন্যকোন সামাজিক মাধ্যমকে ব্যবহার করা যাবে না। সংস্থা এ ব্যাপারে একটি নীতিমালা প্রণয়ন করার কথা ভাবছে।
 - ২.৩ সংস্থার পক্ষে প্রচারাভিযান/কেম্পেইন ছাড়া অন্য কোন কাজে সংস্থা ফেইসবুক বা সামাজিক মাধ্যম ব্যবহার নিরুৎসাহিত করছে। তাছাড়া সপ্তাহে একটির বেশী স্টেটাস দেয়াও সংস্থা নিরুৎসাহিত করছে।
 - ২.৪ যে কোন কর্মী তার ১ম এবং দ্বিতীয় তত্ত্বাবধায়কগণকে ফেইসবুক বা সামাজিক মাধ্যমের বন্ধু করা বাধ্যতামূলক।
 - ২.৫ অফিস টাইমে কোন অবস্থাতেই ফেইসবুক বা সামাজিক মাধ্যম ব্যবহার করা যাবে না। যদি কোন কর্মী অফিস টাইমে এগুলো ব্যবহার করেন তাহলে তার বা তাদের বিবুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা নেয়া হবে।
৩. এ সার্কুলারটি অন্তিমিলভে কার্যকরী হবে এবং এর সাথে যদি কেউ দ্বিমত পোষণ করেন তাহলে যেকোন মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর সাথে আগামী ২০ ডিসেম্বর ২০১৬ তারিখের মধ্যে যোগযোগ করার জন্য অনুরোধ করা হলো।
 ৪. এ সার্কুলারটি আগামী ২ টি সপ্তাহ আলোচনা করতে হবে এবং তারপর সকলের স্বাক্ষর হয়ে নির্দিষ্ট ফাইলে চলে যাবে।

ধন্যবাদসহ

সনত কুমার ডোলি
অনুলিপি:

নির্বাহী পরিচালক
সকল উপ ও সহকারী পরিচালক
অফিস কাপি